



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

স্মারক নং: রুয়েট/জস/৫৬/২০২৩

তারিখঃ ১২ অক্টোবর ২০২৩ খ্রিঃ

সংবাদ বিজ্ঞপ্তি-০১

রুয়েটে প্ল্যানিং, আর্কিটেকচার ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স শুরু

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) তিন দিনব্যাপী ‘প্ল্যানিং, আর্কিটেকচার এন্ড সিভিল ইঞ্জিনিয়ারিং’ বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স শুরু হয়েছে। আজ বৃহস্পতিবার সকালে রুয়েট কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রধান অতিথি হিসেবে এই কনফারেন্সের উদ্বোধন করেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) অতিরিক্ত দায়িত্বের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে ইউজিসির অতিরিক্ত দায়িত্বের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ আলমগীর বলেন, প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ গড়তে হলে প্ল্যানার, আর্কিটেক্ট ও সিভিল ইঞ্জিনিয়ারদের পাশাপাশি তথ্য ও প্রযুক্তিবিদের ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

কনফারেন্স আয়োজন কমিটির সভাপতি ও পুরকৌশল অনুসন্ধান ডীন অধ্যাপক ড. মো. নিয়ামুল বারীর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন রুয়েটের উপাচার্য ও কনফারেন্সের প্রধান পৃষ্ঠপোষক অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড রাজশাহীর উত্তর ও পশ্চিম অঞ্চলের প্রধান প্রকৌশলী মো. জাহিরুল ইসলাম, কনফারেন্স আয়োজন কমিটির সেক্রেটারী ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মো. মাহমুদ সাজ্জাদ।

উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম বলেন, চতুর্থবারের মত প্ল্যানিং, আর্কিটেকচার ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন করতে পেরে রুয়েট পরিবার গর্বিত।

পুরকৌশল অনুসন্ধান উদ্যোগে আয়োজিত তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক কনফারেন্সে দেশে ও বিদেশের প্ল্যানিং, আর্কিটেকচার, এবং সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ক গবেষক, একাডেমিসিয়ান, শিক্ষাবিদ ও প্রকৌশলীগণ সহ ২৫০ জনের অধিক অংশগ্রহণকারী অংশ নিচ্ছেন। এই কনফারেন্সে ০৬ টি কী-নোট পেপার ও ২৩৪ টি টেকনিক্যাল উপস্থাপন করা হবে।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

উপ-পরিচালক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়